

সম্মানিত সদস্যগণের জন্য

প্রিয় মহোদয়,


আসসালামু আলাইকুম।

আপনি জেনে আনন্দিত হবেন যে, গত ২৮ ডিসেম্বর ২০২৩ তারিখ উত্তরাস্থ বিজিএমইএ প্রধান কার্যালয়ে ‘নূরুল কাদের অডিটোরিয়াম’ নামে অত্যাধুনিক মানের একটি অডিটোরিয়াম উদ্বোধন করা হয়েছে। উক্ত অডিটোরিয়ামে বিভিন্ন অনুষ্ঠান, জাতীয় ও আন্তর্জাতিক আলোচনা সভা/সেমিনার এবং মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান ইত্যাদি আয়োজনের জন্য প্রস্তুত রাখা হয়েছে।

২। এরই ধারাবাহিকতায় আগামী ১৭/০১/২০২৪ তারিখ বিকাল ৩:০০ ঘটিকায় বিজিএমইএ ‘নূরুল কাদের’ অডিটোরিয়ামে বাংলাদেশের প্রখ্যাত কথা সাহিত্যিক প্রয়াত হুমায়ূন আহমেদের উপন্যাস অবলম্বনে এবং প্রযোজক জয়া আহসান এর প্রযোজনায় নির্মিত রহস্যধর্মী চলচ্চিত্র “দেবী” প্রদর্শনীর আয়োজন করা হয়েছে। চলচ্চিত্রটিতে প্রধান দু’টি চরিত্রে অভিনয় করেছেন জয়া আহসান ও চঞ্চল চৌধুরী।

৩। দেবী চলচ্চিত্রটির প্রদর্শনীতে জয়া আহসান উপস্থিত থাকার সম্মতি জ্ঞাপন করেছেন। উল্লেখিত তারিখ ও সময়ে ‘দেবী’ চলচ্চিত্রটি উপভোগ করার নিমিত্তে বিজিএমইএ’র সদস্য প্রতিষ্ঠান হতে ২ জন করে প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো। উপস্থিতি নিশ্চিতকরণের জন্য বিজিএমইএ’র কর্মকর্তা জনাব সৈয়দ আহমদ নাজিরুল্লাহ, সিনিয়র উপ-সচিব (মোবাইল: ০১৭১১৯৮৩৭২৫), ই-মেইল (allinfosami@gmail.com) এর সঙ্গে যোগাযোগ করা যেতে পারে।

ধন্যবাদান্তে,


মোঃ ফয়জুর রহমান
মহা-সচিব